বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৫.১৯-৭৪

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৫
২৬ ফেব্রুয়ারি ২০১৯

**পরিপত্র-১০**

বিষয় : **৫ম উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন উপলক্ষে চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান এবং মহিলা ভাইস-চেয়ারম্যান পদে সাধারণ নির্বাচনে প্রার্থীদের নির্বাচনে ভোটগ্রহণের দিন ও সময় নির্ধারণ, ব্যালট পেপার ও নির্বাচনি দ্রব্যাদি সংগ্রহ এবং বিতরণ, ব্যালট বাক্সের ব্যবহার ও ভোটকেন্দ্রের ব্যবস্থাপনা**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে উপজেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান, ভাইস-চেয়ারমান ও মহিলা ভাইস-চেয়ারম্যান পদে নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের জন্য নির্বাচন কমিশন হতে প্রয়োজনীয় নির্বাচনি সামগ্রী রিটার্নিং অফিসারকে সরবরাহ করা হবে। বেশকিছু নির্বাচনি সামগ্রী স্থানীয়ভাবে সংগ্রহ করতে হবে। রিটার্নিং অফিসার যেহারে প্রিজাইডিং অফিসারকে নির্বাচনি সামগ্রী ভোটকেন্দ্রের ব্যবহারের জন্য সরবরাহ করবেন তার বিবরণসহ অন্যান্য প্রাসজ্গিক বিষয় এ পরিপত্রে উল্লেখ করা হয়েছে।

২। **ভোটগ্রহণের দিন ও সময় নির্ধারণ:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এ উল্লেখ রয়েছে যে, রিটার্নিং অফিসার, নির্বাচন কমিশনের নির্দেশ সাপেক্ষে, ভোটগ্রহণের স্থান, দিন ও সময় নির্ধারণ করবেন এবং উক্ত সময়সূচি সম্পর্কে জনসাধারণকে অবহিত করবেন। এ প্রসংগে উল্লেখ করা যাচ্ছে যে, ভোটগ্রহণের জন্য নির্ধারিত তারিখে সকাল ০৮.০০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ভোটগ্রহণ করা হবে।

৩। **ভোটকেন্দ্রে ব্যবহৃত নির্বাচনি দ্রব্যাদি:** ভোটকেন্দ্রে ব্যালট পেপারসহ বিভিন্ন রকমের ফরম, প্যাকেট এবং অন্যান্য নির্বাচনি সামগ্রী ব্যবহৃত হবে। প্রতি ভোটকেন্দ্রে ভোটগ্রহণের জন্য কি পরিমাণ বিভিন্ন ধরনের সামগ্রীর প্রয়োজন হবে তা **পরিশিষ্ট-ক**-তে উল্লেখ করা হলো। প্রতিটি ভোটকেন্দ্রে নির্ধারিত সংখ্যক ও পরিমাণ নির্বাচনি দ্রব্যাদি যাতে বিতরণ করা যায়, সেজন্য প্রয়োজনের তুলনায় অধিক সংখ্যক ও অধিক পরিমাণ নির্বাচনি দ্রব্যাদি প্রদানের ব্যবস্থা করা হয়েছে। প্রেরিতব্য এ সকল অতিরিক্ত দ্রব্যাদির মধ্য হতে কিছু পরিমাণ জেলা ও উপজেলা পর্যায়ে সংরক্ষিত থাকবে। আবার কয়েকটি গুরুতপূর্ণ দ্রব্যাদি প্রতি ভোটকেন্দ্র হিসাবে যে হারে প্রয়োজন তার অতিরিক্ত দ্রব্যাদি প্রিজাইডিং অফিসার একটি কক্ষে মজুদ রাখবেন। জরুরি ভিত্তিতে প্রয়োজন অনুসারে সেগুলো কাজে লাগাতে হবে। উপজেলা পরিষদ নির্বাচন পরিচালনা ম্যানুয়েলের নবম অধ্যায়ে বিস্তারিত উল্লেখ রয়েছে। সর্বশেষ নির্দেশনা অনুসারে ভোটকেন্দ্রসহ নির্বাচনের বিভিন্ন কাজে নির্বাচনি দ্রব্যাদি ব্যবহার ও বিতরণের নির্দেশ দিবেন।

৪। **ব্যালট পেপার ও অন্যান্য নির্বাচনি সামগ্রী সংগ্রহ:** ব্যালট পেপার ও অন্যান্য নির্বাচনি সামগ্রী সংগ্রহের নিমিত্তে নির্বাচন কমিশন কর্তৃক ধার্যকৃত সময়সূচি ও নির্দেশনা অনুসারে সংশ্লিষ্ট অফিসার প্রয়োজনীয় সংখ্যক নিরাপত্তা বাহিনীসহ ব্যালট পেপার ও অন্যান্য নির্বাচনি সামগ্রীসমূহ নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা হতে সরবরাহকৃত চালানে উল্লিখিত স্থান হতে সংগ্রহ করবেন। এ সমস্ত দ্রব্যসামগ্রী সংশ্লিষ্ট অফিসার রিটার্নিং অফিসারের কাছে হস্তান্তর করবেন।

৫। **নির্বাচনি সামগ্রী যাচাই পূর্বক সংগ্রহ:** নির্বাচনি সামগ্রী সরবরাহের জন্য নির্বাচন কমিশন কর্তৃক ধার্যকৃত তারিখে ব্যালট পেপার সংশ্লিষ্ট উপজেলার চাহিদা এবং বিধি অনুযায়ী মুদ্রিত হয়েছে কিনা তা চালানে উল্লিখিত প্রেস হতে গ্রহণের সময় সংশ্লিষ্ট অফিসারকে যাচাই করে গ্রহণ করতে হবে। সুতরাং প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা সংশ্লিষ্ট অফিসারকে সংগে আনতে হবে এবং সংগে উপজেলার চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান ভিত্তিক প্রকৃত ভোটার

সংখ্যার বিবরণীও তাঁকে সংগে আনতে হবে। সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্বাচন কমিশন নির্দেশিত প্রতীক, প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকার চাহিদা এবং ভোটার সংখ্যা অনুযায়ী ব্যালট পেপার মুদ্রিত হয়েছে কিনা তা যাচাই করে সংগ্রহ করতে হবে। এতদ্ব্যতীত অন্যান্য নির্বাচনি সামগ্রীর সংগ্রহের ক্ষেত্রেও যাচাই করে সংগ্রহ করতে হবে।

৬। **নির্বাচনি সামগ্রী নিরাপদে সংরক্ষণ:** ব্যালট পেপার এবং অন্যান্য মালামাল প্রিজাইডিং অফিসারদের মধ্যে বিতরণের পূর্ব মুহূর্ত পর্যন্ত নিরাপদে সংরক্ষণ করতে হবে এবং সকল পর্যায়ে যাতে ব্যালট পেপার, মার্কিং সিল এবং অফিসিয়াল সিলের গোপনীয়তা রক্ষিত হয় রিটার্নিং অফিসারকে তার নিশ্চয়তা বিধান করতে হবে।

৭। **ভোটকেন্দ্রে বিভিন্ন ধরণের সিল ব্যবহার:** ব্যালট পেপার, অমোচনীয় কালির কলম, স্ট্যাম্প প্যাড, গালা, ইত্যাদি ছাড়াও তিন রকমের সিল ভোটকেন্দ্রে ব্যবহারের জন্য প্রেরণ করা হবে। উক্ত তিন রকম সিল যথা: ভোটকেন্দ্রের জন্য কোন নম্বরের সিল সরবরাহ করেছেন তা বিতরণ রেজিস্টারে লিখে রাখবেন এবং প্রত্যেক সিলের ছাপও নিরাপদ স্থানে রক্ষণাবেক্ষণ করবেন। এসকল সিল ভোটকেন্দ্রে সরবরাহের জন্য চটের থলি প্রেরণ করা হবে। প্রিজাইডিং অফিসার তাঁর কেন্দ্রের সিল থলিতে আবদ্ধ অবস্থায় রিটার্নিং অফিসারের কাছ হতে গ্রহণ করবেন এবং ভোটগ্রহণ শেষে ঐ থলিতেই সিল গালা করে ফেরত দেবেন। এসব ক্ষেত্রে ব্রাস সিল থলিতে ভর্তি করা সম্ভব হবে না। কারণ থলিটি গালার সাহায্যে ব্রাস সিল মোহরাঙ্কিত করতে হবে। কাজেই ব্রাস সিলটি যাতে পৃথকভাবে ফেরত দেয়া হয় তা প্রিজাইডিং অফিসার নিশ্চিত করবেন। বিধিমালার ৪২ বিধিতে বর্ণিত কাগজপত্রাদিপূর্ণ প্যাকেটসমূহ বড় চটের থলিতে সযত্নে সিলগালা করে রাখতে হবে। কারণ ৪২ বিধিতে বর্ণিত কাগজপত্রাদি নির্বাচনি মোকদ্দমা দায়ের হলে নির্বাচনি ট্রাইব্যুনালের আদেশ ছাড়া কিংবা নির্বাচনি মোকদ্দমা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত খোলা যাবে না।

৮। **স্থানীয়ভাবে ক্রয় করার জন্য নির্বাচনি সামগ্রীঃ** যে সমস্ত নির্বাচনি সামগ্রি জেলা নির্বাচন অফিসার কর্তৃক স্থানীয়ভাবে ক্রয় করে সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসারগণকে সরবরাহ করতে হবে তাহা পরিশিষ্ট-ক এর ৪র্থ ভাগে উল্লেখ করা হয়েছে। এ সমস্ত নির্বাচনি সামগ্রী ক্রয়ের জন্য প্রয়োজনীয় অর্থ নির্বাচন কমিশন হতে বরাদ্ধ করা হবে। তবুও কোন ঘাটতি দেখা দিলে তা তাৎক্ষণিকভাবে নির্বাচন কমিশন হতে সংগ্রহ করবেন।

৯। **ব্যালট বাক্স:** প্রতি ভোটকক্ষের জন্য ০১টি স্বচ্ছ ব্যালট বাক্স এবং প্রতিকেন্দ্রের জন্য তার অতিরিক্ত ০১টি স্বচ্ছ ব্যালট বাক্স সরবরাহ করতে হবে। কোন উপজেলার চেয়ারম্যান প্রার্থী অথবা কোন ভাইস চেয়ারম্যান প্রার্থীর সংখ্যার আধিক্য থাকলে ব্যালট পেপারের আকৃতি ও স্বভাবতই বড় হবে। সাধারণতঃ ০১টি স্বচ্ছ ব্যালট বাক্স ১০০০ হতে ১২০০টি সাধারণ সাইজের ব্যালট পেপারের ধারণ ক্ষমতা রাখে। আরো স্মরণ রাখা প্রয়োজন যে, ব্যালট বাক্স বিতরণের কাজ রিটার্নিং অফিসার স্বয়ং করতে পারেন অথবা তিনি কারো মাধ্যমেও সম্পন্ন করতে পারেন। কোন ত্রুটিপূর্ণ ব্যালট বাক্স কেন্দ্রে সরবরাহ করা যাবে না। স্বচ্ছ ব্যালট বাক্সের ৩টি অংশ বাক্স, ঢাকনা ও সীল। প্রতিটি বাক্সের জন্য ১টি ঢাকনা (বা কভার) এবং ৫টি করে সীল দিতে হবে। ভোটগ্রহণ সমাপ্তির পর পরই ব্যালট বাক্সসমূহ যথাস্থানে ফেরত পাঠানোর জন্য রিটার্নিং অফিসার সংশ্লিষ্ট সকল প্রিজাইডিং অফিসারকে নির্দেশ দেবেন।

১০। **ভোটার তালিকা:** ভোটগ্রহণ অনুষ্ঠান পরিচালনার জন্য ছবিসহ ভোটার তালিকা প্রয়োজন হবে। রিটার্নিং অফিসার প্রত্যেক ভোটকেন্দ্রের জন্য এক কপি ছবিসহ ভোটার তালিকা প্রিজাইডিং অফিসারকে সরবরাহ করবেন এবং প্রত্যেক প্রিজাইডিং অফিসার তাঁর ভোটকেন্দ্রের জন্য নির্ধারিত এলাকার ছবিসহ ভোটার তালিকার কপি ভালভাবে বুঝে নিবেন। যদি সরবরাহকৃত ভোটার তালিকা অসম্পূর্ণ থাকে তাহলে তা সম্পূর্ণ করে নিবেন। যে কক্ষের জন্য ভোটার এলাকা নির্দিষ্ট করা হবে সে কক্ষের জন্য নির্দিষ্ট ভোটার এলাকার ছবিসহ ভোটার তালিকার অংশ প্রিজাইডিং অফিসারকে সতর্কতার সাথে পূর্বেই সাজিয়ে রাখতে হবে এবং যথাসময়ে সংশ্লিষ্ট সহকারী প্রিজাইডিং অফিসারকে সঠিক ভোটার এলাকার ছবিসহ ভোটার তালিকা সরবরাহ করতে হবে। তাছাড়া প্রিজাইডিং অফিসার কোন্ ভোট কক্ষে কোন্ ভোটার এলাকার ভোটারগণ ভোট দিবেন তার একটি বিবরণী প্রত্যেক ভোটকক্ষের প্রবেশ পথে ভোটারদের জ্ঞাতার্থে টানিয়ে দেয়ার জন্য সংশ্লিষ্ট সকল সহকারী প্রিজাইডিং অফিসারকে নির্দেশ দেবেন।

১১। **ফরমসমূহ ব্যবহার পদ্ধতি:** সমগ্র নির্বাচনি কার্যক্রমে রিটার্নিং অফিসার এবং প্রিজাইডিং অফিসারগণকে বিভিন্ন প্রকার ফরম ব্যবহার করতে হবে। সুতরাং নির্বাচনের জন্য যে সকল ফরম ব্যবহারের জন্য সরবরাহ করা হবে তার প্রত্যেকটির ব্যবহার সম্পর্কে রিটার্নিং অফিসারকে অনুশীলন করতে হবে এবং ভোটগ্রহণকারী অন্যান্য কর্মকর্তাগণকে ও ফরমগুলো অনুশীলন করতে নির্দেশ দিবেন। অনেকক্ষেত্রে প্রার্থীর সংখ্যা বেশী হলে নির্বাচন কমিশন হতে যে সকল ফরম সরবরাহ করা হবে, তার কোন কোনটির ঘাটতি দেখা দিতে পারে। সে সবক্ষেত্রে মুদ্রিত ফরমের অনুরূপটাই প্রকৃত ফরম বা ফটোকপি বা হস্তলিখিত ফরমে তথ্যাদি সন্নিবেশন করে সত্যায়িত অনুলিপিও প্রদান করা যাবে। অথবা যে সব ফরমের সংগে অন্য ফরমের সামঞ্জস্যতা রয়েছে তাতে প্রয়োজনীয় সংশোধন করে কাজ চালানো যেতে পারে। এক্ষেত্রে রঙিন ফরমের ঘাটতি দেখা দিলে বা বিশেষ প্রয়োজনে রঙিন ফরমের পরিবর্তে সাদাকাগজে ও নির্ধারিত নমুনা অনুযায়ী ফরম প্রস্তুত করে কাজ চালানো যাবে। যে কোন ফরমই মুদ্রিত ফরম ব্যবহার না করে কাজের সুবিধার্থে একই নমুনার ফরম কম্পিউটারে প্রস্তুত করে কাজ চালান যাবে।

১২। **ভোটকেন্দ্রে প্রবেশাধিকার সংক্রান্ত পোস্টার প্রদর্শন:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ৩১ অনুসারে যে সকল ব্যক্তি ভোটকেন্দ্রে প্রবেশ করতে পারেন অর্থাৎ ভোটকেন্দ্রে প্রবেশ করার যোগ্য ব্যক্তিদের তালিকা সম্বলিত একটি পোস্টার নির্বাচন কমিশন কর্তৃক প্রণয়ন করা হয়েছে এবং প্রয়োজনীয় সংখ্যক কপি মুদ্রণ করা হয়েছে। প্রয়োজনীয় সংখ্যক উক্ত পোস্টার রিটার্নিং অফিসারের নিকট সত্বর প্রেরণ করা হবে। ভোটগ্রহণের দিন ভোটগ্রহণ শুরু হওয়ার পূর্বেই ভোটকেন্দ্রের গুরুত্বপূর্ণ প্রবেশ পথে ও ভোটকেন্দ্রের প্রকাশ্য স্থানে উক্ত পোস্টার প্রদর্শনের জন্য প্রিজাইডিং অফিসারদের নির্দেশ দিবেন এবং ভোটকেন্দ্রে উপস্থিত থাকার যোগ্য ব্যক্তি ছাড়া অন্য কেউ যেন ভোটকেন্দ্রে প্রবেশ করতে না পারে তা নিশ্চিত করতে হবে। কোন অবস্থায় অবাঞ্ছিত ব্যক্তিকে প্রবেশ করতে দেয়া হবে না, প্রিজাইডিং অফিসারগণকে ভোটগ্রহণ চলাকালে ভোটকেন্দ্রের সার্বিক পরিস্থিতি তদারকি ও নিয়ন্ত্রণ করতে নির্দেশ প্রদান করবেন।

১৩। **ভোটকেন্দ্রে শৃঙ্খলা বজায় রাখা:** প্রিজাইডিং অফিসার ভোটকেন্দ্রের শান্তি-শৃঙ্খলা বজায় রাখার ব্যবস্থা করবেন। ভোটকেন্দ্রে আইন-শঙ্খলা বজায় রাখার জন্য প্রয়োজনীয় সংখ্যক আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য মোতায়েন করতে হবে। কর্তব্যরত আইন-শৃঙ্খলা বাহিনীর কর্মকর্তা যে কোন প্রয়োজনে প্রিজাইডিং অফিসারকে সাহায্য করতে বাধ্য থাকবেন।

১৪। **ভোটকেন্দ্রের শৃঙ্খলা রক্ষা:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ৩২ এর উপ-বিধি (১) অনুসারে কোন ব্যক্তি ভোটকেন্দ্রে অসদাচরণ করলে অথবা প্রিজাইডিং অফিসারের কোন আইন সম্মত আদেশ পালনে ব্যর্থ হলে উক্ত ব্যক্তিকে, প্রিজাইডিং অফিসারের আদেশক্রমে, আইন প্রয়োগকারী সংস্থার কোন কর্মকর্তা বা প্রিজাইডিং অফিসার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি ভোটকেন্দ্র হতে অপসারণ করতে পারবেন এবং এরূপে অপসারিত ব্যক্তি প্রিজাইডিং অফিসারের অনুমতি ছাড়া ঐদিন পুনরায় ভোটকেন্দ্রে প্রবেশ করতে পারবেন না। তবে ঐ বিধিতে বর্ণিত ক্ষমতা এমনভাবে প্রয়োগ করা যাবেনা যাতে উক্ত ব্যক্তি যে ভোটকেন্দ্রে ভোটদানের উপযুক্ত সে ভোটকেন্দ্রে ভোটাধিকার প্রয়োগ হতে বঞ্চিত হয়।

১৫। **প্রতিদ্বন্দ্বী প্রার্থী ও নির্বাচনি এজেন্ট-এর গাড়ী ব্যবহারের অনুমতি:** প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থী একটি এবং নির্বাচনি এজেন্ট একটি করে গাড়ী ব্যবহার করতে পারবেন। এ জন্য রিটার্নিং অফিসারের নিকট থেকে অনুমতি গ্রহণ করতে হবে। এ জন্য নির্বাচন কমিশন সচিবালয় হতে সরবরাহকৃত গাড়ী ব্যবহারের স্টিকার প্রতিদ্বন্দ্বী প্রার্থী ও নির্বাচনি এজেন্টকে প্রদান করতে হবে।

১৬। **গাড়ী হুকুম দখলে সরকারের ক্ষমতা:** নির্বাচন কমিশন লিখিত অনুরোধ করলে সরকার বা সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা কোন ভোটকেন্দ্রে বা কেন্দ্র হতে ব্যালট বাক্স বা অন্যান্য নির্বাচন সংক্রান্ত জিনিসপত্র বা নির্বাচন সংক্রান্ত কোন কর্তব্য পালনে নিযুক্ত কোন কর্মকর্তা বা ব্যক্তিকে আনা-নেওয়ার জন্য প্রয়োজনীয় বা প্রয়োজন হতে পারে এরূপ কোন যানবাহন বা জলযান হুকুম দখল করতে পারবেন। তবে কোন প্রার্থী বা তার নির্বাচনি এজেন্ট কর্তৃক নির্বাচনে ব্যবহৃত কোন যানবাহন বা জলযান এভাবে হুকুম দখল করা যাবে না। কোন হুকুম দখলকৃত যানবাহন বা জলযানের মালিককে সরকার বা জলযানটির হুকুম দখলকারী কর্মকর্তা, স্থানীয়ভাবে প্রচলিত ভাড়ার ভিত্তিতে

সরকার বা জলযানটির হুকুম দখলকারী কর্মকর্তা, স্থানীয়ভাবে প্রচলিত ভাড়ার ভিত্তিতে ভাড়া নির্ধারণ করবেন। তবে এরূপে হুকুম দখলের ফলে যানবাহনের মালিক ক্ষতিগ্রস্থ হলে ক্ষতিপূরণের পরিমাণ দ্বারা সংক্ষুব্ধ যানবাহন বা জলযানের মালিক ক্ষতিপূরণের পরিমাণ নির্ধারণের তারিখ হতে ত্রিশ (৩০) দিনের মধ্যে সরকারের কাছে বিষয়টি লিখিতভাবে আপত্তি দাখিল করলে সরকার, এতদুদ্দেশ্যে নিযুক্ত সালিশ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পরিমাণে ক্ষতিপূরণ প্রদান করবে।

২৫/২/১৯

সংলগ্নী: বর্ণনা মোতাবেক।

(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
e-mail: sasemc1@gmail.com

প্রাপক

১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ......................... ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)

২। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ......................... ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৫.১৯-৭৪

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৫ / ২৬ ফেব্রুয়ারি ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৪. সিনিয়র সচিব, ............................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. সচিব, ............................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
১০. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. বিভাগীয় কমিশনার, ........................................ (সকল)
১২. উপমহাপুলিশ পরিদর্শক, .............................. রেঞ্জ (সকল)
১৩. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. পরিচালক (জনসংযোগ) ও যুগ্মসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. জেলা প্রশাসক, ..................................(সংশ্লিষ্ট) ও আপিল কর্তৃপক্ষ
১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ................... (সকল)
১৯. পুলিশ সুপার, ......................................(সংশ্লিষ্ট)
২০. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২১. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, .................... (সংশ্লিষ্ট)
২২. উপজেলা নির্বাহী অফিসার, ............................. (সংশ্লিষ্ট)
২৩. ............................................................................ ও সহকারী রিটার্নিং অফিসার
২৪. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ................................ (সংশ্লিষ্ট)

২৫. জেলা তথ্য অফিসার, ........................................................ (সংশ্লিষ্ট)

২৬. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৭. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ -এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৯. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

৩০. উপজেলা/থানা নির্বাচন অফিসার, ........................ (সংশ্লিষ্ট)

৩১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ................................................ (সংশ্লিষ্ট)

৩২. নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা।


২৬/০২/১৯

(মোহাম্মদ আশফাকুর রহমান)

সহকারী সচিব

নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২

ফোন ও ফ্যাক্সঃ ০২-৫৫০০৭৫৫৯

মোবাইল-০১৫৫০০৪২০৪১

e-mail: sas_emc2@ecs.gov.bd

**পরিশিষ্ট-ক**

# পঞ্চম উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন

প্রত্যেক ভোটকেন্দ্রে ভোটগ্রহণের জন্য যে সকল দ্রব্যাদি প্রয়োজন হবে তার তালিকা

## ১ম ভাগ-নির্বাচনি দ্রব্যাদি

| ক্রম | নির্বাচনি দ্রব্যাদি | পরিমাণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| (১) | স্বচ্ছ ব্যালট বাক্স | প্রতি ভোটকক্ষের জন্য একটি এবং প্রতি ভোটকেন্দ্রে একটি অতিরিক্ত বাক্স। স্বচ্ছ ব্যালট বাক্সের সাথে ঢাকনা ও প্রয়োজনীয় লক আলাদা আলাদাভাবে দেয়া হবে। |
| (২) | ছবিসহ ভোটার তালিকা | প্রতি ভোটকক্ষের জন্য সংশ্লিষ্ট এলাকার ০১ কপি |
| (৩) | অমোচনীয় কালির কলম | প্রতি ভোটকক্ষের জন্য ০১টি কলম এবং প্রতি ভোটকেন্দ্রের জন্য ০২টি অতিরিক্ত |
| (৪) | অফিসিয়াল সিল (কোড মার্ক বা গোপন চিহ্ন সম্বলিত) | প্রতি ভোটকক্ষের জন্য ০১টি এবং প্রতি ভোটকেন্দ্রের জন্য অতিরিক্ত ০২টি |
| (৫) | মার্কিং সিল (ভোটার কর্তৃক ব্যালট পেপার চিহ্নিত করণের জন্য) | প্রতি ভোটকক্ষের জন্য ০২টি এবং প্রতিকেন্দ্রের জন্য অতিরিক্ত ০২টি |
| (৬) | সিল গালা করার জন্য পিতলের সিলমোহর (ব্রাস সিল) | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০১টি |
| (৭) | স্ট্যাম্প প্যাড | প্রতি ভোটকক্ষের জন্য ০১টি এবং প্রতি ভোটকেন্দ্রের জন্য ০২টি অতিরিক্ত |
| (৮) | গালা | ভোটকেন্দ্র প্রতি ২০০ গ্রাম ওজনের ০১টি প্যাকেট |
| (৯) | চটের বড় থলি (ভোটকেন্দ্রের নির্বাচনি সামগ্রী বহনের জন্য) | প্রতি কেন্দ্রের জন্য ০১টি |
| (১০) | চটের ছোট থলি (অফিসিয়াল সিল, মার্কিং সিল, পিতলের সিল, স্ট্যাম্প প্যাড, অমোচনীয় কালির কলম ইত্যাদি ভর্তি করে রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের কাছে আলাদাভাবে ফেরত প্রদানের জন্য) | প্রতি কেন্দ্রের জন্য ০১টি |

## ২য় ভাগ-ফরমসমূহ

| ক্রম | ফরম নম্বর | বিষয় | পরিমাণ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১) | ফরম ছ | চেয়ারম্যান নির্বাচনের ব্যালট পেপার | প্রতি ভোটকেন্দ্রে যত ভোটার তত সংখ্যক ব্যালট পেপার |
| ২) | ফরম ছ-১ | ভাইস চেয়ারম্যান নির্বাচনের ব্যালট পেপার | প্রতি ভোটকেন্দ্রে যত ভোটার তত সংখ্যক ব্যালট পেপার |
| ৩) | ফরম ছ-২ | মহিলা ভাইস চেয়ারম্যান নির্বাচনের ব্যালট পেপার | প্রতি ভোটকেন্দ্রে যত ভোটার তত সংখ্যক ব্যালট পেপার |
| ৪) | ফরম ছ-৪ | আপত্তিকৃত ভোটের তালিকা বা বিবরণী | প্রতি ভোটকক্ষের জন্য ০৪ টি |
| ৫) | ফরম-ঝ | ইস্যুকৃত ও ব্যবহৃত ব্যালট বাক্সের হিসাব | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০৫টি |
| ৬) | ফরম ঞ | চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থী কর্তৃক প্রাপ্ত বৈধ ভোটের বিবরণী | - |
| ৭) | ফরম ঞ-১ | ভাইস চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থী কর্তৃক প্রাপ্ত বৈধ ভোটের বিবরণী | - |
| ৮) | ফরম ঞ-২ | মহিলা ভাইস চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীকর্তৃক প্রাপ্ত বৈধ ভোটের বিবরণী | - |
| ৯) | ফরম-ট | ব্যালট পেপারের হিসাব বিবরণী | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০৫টি |
| ১০) | ফরম ঠ | চেয়ারম্যান নির্বাচনের ফলাফলের একীভূত বিবরণী | - |
| ১১) | ফরম ঠ-১ | ভাইস চেয়ারম্যান নির্বাচনের ফলাফলের একীভূত বিবরণী | - |

| ক্রম | ফরম নম্বর | বিষয় | পরিমাণ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১২) | ফরম ঠ-২ | মহিলা ভাইস চেয়ারম্যান নির্বাচনের ফলাফলের একীভূত বিবরণী | - |
| ১৩) | ফরম-ড | নির্বাচিত ঘোষিত প্রার্থীদের তালিকা | প্রতি উপজেলায় ০৫টি করে |

বিঃদ্রঃ- ফরম *ঞ, ঞ-১, ঞ-২, ও ফরম ঠ, ঠ-১, ঠ-২ এর প্রয়োজনীয় সংখ্যক কপি* স্থানীয়ভাবে কম্পিউটারে প্রস্তুত করে সরবরাহ করতে হবে বা সরাসরি কম্পিউটারে বিবরণী প্রস্তুত করতে হবে।

## ৩য় ভাগ-প্যাকেটসমূহ

| ক্রম | প্যাকেট নম্বর | বিষয় | পরিমাণ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | প্যাকেট-১ | প্রার্থী ভিত্তিক বৈধ ব্যালট পেপার রাখার জন্য প্যাকেট | প্রতি ভোটকেন্দ্রের জন্য ৩০টি (প্রার্থী ভিত্তিক ০১টি করে প্যাকেট) |
| ২ | প্যাকেট-২ | আপত্তিকৃত ভোটের বিবরণী (ফরম ছ-৪ সহ) আপত্তিকৃত ব্যালট পেপার রাখার জন্য প্যাকেট | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০২টি |
| ৩ | প্যাকেট-৩ | অবৈধ (আপত্তিকৃতসহ) ব্যালট পেপার রাখার জন্য প্যাকেট | প্রতি ভোটকক্ষের জন্য ০১টি (প্রতি কেন্দ্রে অতিরিক্ত ০২টি |
| ৪ | প্যাকেট-৪ | বিনষ্ট বা বাতিলকৃত ব্যালট পেপার রাখার জন্য প্যাকেট | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০৩টি |
| ৫ | প্যাকেট-৫ | ব্যবহৃত ব্যালট পেপারের মুড়িপত্র রাখার জন্য প্যাকেট | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০৩টি |
| ৬ | প্যাকেট-৬ | অব্যবহৃত ও আংশিক ব্যবহৃত ব্যালট পেপার রাখার জন্য প্যাকেট | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০২টি |
| ৭ | প্যাকেট-৭ | ভোট গণনার হিসাব বিবরণী (ফরম ঞ, ঞ-১, ঞ-২) রাখার জন্য প্যাকেট | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০২টি |
| ৮ | প্যাকেট-৮ | ব্যালট পেপারের হিসাব বিবরণী (ফরম-ট) রাখার জন্য প্যাকেট | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০৬টি |
| ৯ | প্যাকেট-৯ | চিহ্নিত ভোটার তালিকা রাখার জন্য প্যাকেট | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০২টি |
| ১০ | প্যাকেট-১০ | চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের অনুকূলে প্রদত্ত বৈধ ভোট সম্বলিত প্যাকেটগুলো সংরক্ষণ করার প্রধান প্যাকেট | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০২টি |
| ১১ | বিশেষখাম | ফলাফল বিবরণী রাখার জন্য প্যাকেট | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০২টি |

## ৪র্থ ভাগ: মনিহারী দ্রব্যাদি

(স্থানীয়ভাবে সংগ্রহ করতে হবে)

| ক্রম | নির্বাচনি দ্রব্যাদি | পরিমাণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| (১) | বল পয়েন্ট কলম | ভোট কেন্দ্রের ভোটগ্রহণ কাজে নিয়োজিত প্রতি অফিসারের জন্য ০১টি |
| (২) | সাদা কাগজ | প্রতি ভোটকেন্দ্রে আধা দিস্তা |
| (৩) | কার্বন কাগজ | প্রতি ভোটকেন্দ্রে দুই শিট |
| (৪) | ছুরি | প্রতি ভোটকেন্দ্রে ০১টি |
| (৫) | সুঁই (বড় সাইজ) | প্রতি ভোটকেন্দ্রে ০১টি |
| (৬) | সুতা | প্রতি ভোটকেন্দ্রে ছোট ০১বল |
| (৭) | মোমবাতি (বড় সাইজ) | প্রতি ভোটকেন্দ্রে ছয়টির ০১প্যাকেট |
| (৮) | দিয়াশলাই | প্রতি ভোটকেন্দ্রে ০১টি |
| (৯) | আলপিন | প্রয়োজন অনুসারে |
| (১০) | গামপট | প্রতি ভোটকেন্দ্রে ০১পট |
| (১১) | লোহা/প্লাস্টিক/বাঁশেরপাত (মুড়িপত্র হতে ব্যালট পেপার পৃথক করার জন্য)। | প্রতি ভোটকক্ষের জন্য ১টি |
| (১৩) | দেওয়ালপত্র (প্ল্যাকার্ড)<br>(ক) "প্রবেশ", "বাহির"<br>(খ) "ভোটকক্ষ নং ....... (পুরুষ)"<br>(গ) "ভোটকক্ষ নং ....... (মহিলা)"<br>(ঘ) "প্রিজাইডিং অফিসার"<br>"সহকারী প্রিজাইডিং অফিসার"<br>"পোলিং অফিসার", "পোলিং এজেন্ট" | প্রতি ভোটকেন্দ্রের জন্য প্রয়োজন অনুসারে |

## ৫ম ভাগ: আসবাবপত্র

(ভোট কেন্দ্রে প্রয়োজনীয় সংখ্যক যে সকল আসবাবপত্র থাকতে হবে)

| ক্রমিক নং | আসবাবপত্র | পরিমাণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | টেবিল | প্রতি ভোটকেন্দ্রের জন্য প্রয়োজন অনুসারে |
| ২ | চেয়ার | প্রতি ভোটকেন্দ্রের জন্য প্রয়োজন অনুসারে |
| ৩ | বেঞ্চ | প্রতি ভোটকেন্দ্রের জন্য প্রয়োজন অনুসারে |

***বিশেষ দ্রষ্টব্য:*** প্রতি ভোটকক্ষে ভোটারগণ যে ভোট দান কক্ষে বা মার্কিং প্লেসে গোপনে ব্যালট পেপার চিহ্নিত করবেন তা কালো কাপড়, চট, চাদর অথবা চাটাই দ্বারা তৈরি করা যেতে পারে অথবা অন্য কোনভাবে নির্বাচন কমিশন সচিবালয় হতে নির্দেশনা মোতাবেক উপকক্ষ তৈরি করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণি কক্ষে ব্ল্যাক বোর্ড দ্বারা গোপন উপকক্ষ তৈরি করা যাবে না। এ ব্যাপারে শুধু এটুকু নিশ্চয়তা বিধান করতে হবে যে, ভোটারগণ ব্যালট পেপার চিহ্নিত করার সময় কেউ যেন দেখতে না পায়। অর্থাৎ যাতে ভোটদানের গোপনীয়তা বজায় থাকে। গোপনে ব্যালট পেপার চিহ্নিত করার স্থানে অর্থাৎ গোপন উপকক্ষের আশেপাশে কোন জানালা উন্মুক্ত থাকলে কিংবা কোন দেয়াল/বেড়া ভাঙা থাকলে তা ভোটগ্রহণ কার্যক্রমের পূর্বেই বন্ধ করে দিতে হবে।